দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 FEB 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

120

২০

## শিক্ষাঙ্গন

### প্রধানমন্ত্রী সমীপে

১৯৯২ সনে SSC পরীক্ষার ফলাফল বের হওয়ার কিছুদিন পরই মাদ্রাসার দাখিল পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। দুঃখ এখানে যে, সমমান হওয়া সত্ত্বেও মাদ্রাসার মেধাবী ছাত্ররা আজ এই গণতান্ত্রিক সরকারের আমলেও মেধার মূল্য পাচ্ছে না। কারণ, এসএসসি পরীক্ষায় যারা মেধা তালিকায় স্থান পেয়েছে স্বয়ং প্রধানমন্ত্রী তাদেরকে শুভেচ্ছা জানিয়েছেন, এমনকি তিনি না-কি তাদের সাথে ছবিও তুলেছেন। শুনেছি ঢাকা বোর্ডে প্রথম স্থান অধিকারীকে তিনি সফরসঙ্গীও করেছেন। মাদ্রাসার ছাত্ররা কি এগুলো পাওয়ার যোগ্য নয়? মাদ্রাসা বোর্ড মাত্র একটি। এখানে তো একজনকে নিলে বাকী তিনজন গোস্যা করেন না। না-কি মাদ্রাসার ছাত্রদের অর্থাৎ আমাদের "টিক দেয়া" পরীক্ষা ছিল না, তাই আমরা আজও রামপুরার ডাক পাইনি। আজ ৬ মাস হতে চললো এদিকে ইন্টারমিডিয়েটেরও কৃতি ছাত্রদের ডাকা হল, কিন্তু আমাদের কথা তাদের মনেই নেই। তাই মাননীয়া প্রধানমন্ত্রীর কাছে আবেদন যে, মাদ্রাসার ছাত্রদের মেধার উপযুক্ত মূল্য দিয়ে তাদেরকে উৎসাহিত করুন, দেখবেন অদূরভবিষ্যতে তারাও বিশ্বের দরবারে বাংলাদেশের মুখ উজ্জ্বল করবে।

—কায়কোবাদ